লেন্স এশিয়া

৯ আগস্ট, ২০২৫

# মাইলস্টোনে আহতদের উন্নত চিকিৎসা দিতে ঢাকায় পৌঁছেছে ইউকের একটি চিকিৎসক দল



সংগৃহীত ছবি

উত্তরা মাইলস্টোন স্কুল এন্ড কলেজে বিমান বিধ্বস্তের ঘটনায় আহতদের উন্নত চিকিৎসা দিতে যুক্তরাজ্যের নয় সদস্যের একটি বিশেষায়িত জরুরি চিকিৎসক দল ঢাকায় পৌঁছেছে। আগামী তিন সপ্তাহ তারা স্থানীয় চিকিৎসকদের সঙ্গে মিলে আহত শিক্ষার্থীদের জরুরি পরিচর্যা ও পুনর্বাসন সেবা দেবেন। শনিবার (৯ আগস্ট) এক সংবাদ বিজ্ঞপ্তিতে ঢাকার ব্রিটিশ হাইকমিশন এ তথ্য জানায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, নয় সদস্যের এই দলে সংক্রামক রোগ বিশেষজ্ঞ, তীব্র পরিচর্যা চিকিৎসক, সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ নার্স এবং পুনর্বাসন বিশেষজ্ঞসহ অভিজ্ঞ ক্লিনিক্যাল পেশাজীবীরা রয়েছেন। তারা আগামী তিন সপ্তাহ জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন আহত ছাত্র-ছাত্রীদের জরুরি পরিচর্যা এবং পুনর্বাসন সেবা প্রদান করবেন।

বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক বলেন, "এই দুঃখজনক ঘটনার প্রতি যুক্তরাজ্যের গভীর সহানুভূতি রয়েছে। আমরা আহতদের চিকিৎসা ও পুনর্বাসন প্রক্রিয়ায় সহায়তা বাড়াতে চেয়েছি। আমি বিশ্বাস করি, ইউকে চিকিৎসক দলের বিশেষায়িত সেবা আহত ছাত্র-ছাত্রীদের দ্রুত সুস্থ হয়ে ওঠায় সহায়ক হবে।"

LENS ASIA